দি মিলেনিয়াম স্টারস্ স্কুল এন্ড কলেজ

রংপুর ক্যান্টনমেন্ট

শ্রেণি - দশম

**বিষয়ঃ বাংলা**

**(নিচের উদ্দীপকগুলি পড়ে সৃজনশীল প্রশ্নের উত্তর দাও)**

**ক-বিভাগ**

১। পয়লা বৈশাখ বাঙালির জীবনে বয়ে আনে নতুন আনন্দ । আধুনিকতার ছোঁয়ায় নিজের সংস্কৃতিকে যখন বাঙালিরা ভুলতে বসেছে তখনই প্রতি বছর পুরনো এতিহ্য ও রীতিনীতি নিয়ে ফিরে আসে বাংলা নববর্ষ ।

ক) 'এসো, এসো, এসো হে বৈশাখ' গানটির রচয়িতা কে ?

খ) 'জয় পয়লা বৈশাখ' বলতে কী বুঝানো হয়েছে ?

গ) 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন দিকের ইঙ্গিত দেওয়া হয়েছে উদ্দীপকে ?

ঘ) 'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে বর্তমানে শহুরে জীবনে পয়লা বৈশাখ উদযাপনের একটি বিবরণ দাও ।

২। বনফলের একটি বিখ্যাত রচনা 'নিমগাছ' । অত্যন্ত অল্প পরিসরে অল্প কথায় তিনি এক গৃহবধূর অন্তর্বেদনার প্রকাশ ঘটিয়েছেন গল্পে বর্ণিত একটি নিমগাছের রূপকে । গল্পের শুরুতেই তিনি একটি নিমগাছের নানান উপকারী দিকের বর্ণনা দিয়েছেন আকর্ষনীয় শৈল্পিক ভঙ্গিমায় । কিন্ত নিমগাছটি বেড়ে ওঠে অযত্ন অবহেলায় । এই নিমগাছটির সঙ্গেই তিনি তুলনা করেছেন গ্রাম বাংলার এক গৃহবধূকে । 'ওদের বাড়ির গৃহকর্ম নিপূণা লক্ষ্মী বউটার ঠিক এই দশা' - শেষ লাইনের এই কথাটির মধ্য দিয়েই বনফুল বলে দিলেন গ্রাম বাংলার লক্ষ্মী বউদের না বলা সব কথা ।

ক) বনফুল কার ছদ্মনাম ?

খ) নাটক কী ?

গ) উদ্দীপকের বক্তব্যটি 'সাহিত্যের রূপ ও রীতি' রচনায় বর্ণিত সাহিত্যের কোন শাখাকে নির্দেশ করে ? আলোচনা কর ।

ঘ) উদ্দীপকে বর্ণিত দিকটিই সাহিত্যের একমাত্র দিক নয় বরং এর রয়েছে বহুমাত্রিক শাখা-প্রশাখা ।'- মন্তব্যটি বিশ্লেষণ কর ।

৩। রাফিন তার বাবার কর্মস্থল বাসকী যায়। বাসকী একটি অজপাড়া গাঁ। কিন্তু রাফিনের বাসকী ভালো লেগে যায়। সে সারাদিন হৈ হৈ করে মাঠে পুকুরে কাটায়। বন্ধুও জুটে যায়। হঠাৎ রাফিনের গুটি বসন্ত দেখা যায়। সারা গ্রাম গুটি বসন্তের প্রকোপে আক্রান্ত। রাফিনের মা রাফিনের বাবাকে বাসকী থেকে বদলি হওয়ার পরামর্শ দেয়। এ কথা শুনে রাফিনের খুব মন খারাপ হয় ।

ক) লেখক কম্বল গায় দিয়ে মন্দিরের কোথায় বসেছিলেন?

খ) কুকুরটির রাজবাড়ি ছেড়ে না যাওয়ার কারণ কী ?

গ) উদ্দীপকের সাথে "নিয়তি" গল্পের সংগতি নির্ণয় কর ।

ঘ) উদ্দীদপকের বিষয়টি "নিয়তি" গল্পের মূলসুর নয় মন্তব্যটির যথার্থতা নিরুপণ কর।

৪। নাজমা আহমেদ প্রায়ই আশা ছেড়ে দিয়েছিলেন। যুদ্ধ শুরু হলে স্কুল বন্ধ হয়। স্কুল শিক্ষিকা নাজমা আহমেদ ঢাকার বাসায় আটকা পড়েন। শহরজুড়ে মৃত্যু আর অরাজকতা চলছে। হঠাৎ মুক্তিযোদ্ধাদের খবর শুনে তিনি আশার আলো খুঁজে পেলেন ? মূলত দেশের পরিস্থিতিতে নাজমা আহমেদ কল্পনা করেননি যে, ঢাকায় মুক্তিযোদ্ধারা প্রবেশ করতে পারবে। এরপর থেকেই গেরিলা আক্রমণ বেড়েই চলল।

ক) গোয়েবলস কে ?

খ) "চরমপত্র" বলতে কী বোঝায় ? ব্যাখ্যা কর।

গ) 'একাত্তরের দিনগুলি' গল্পের সাথে উদ্দীপকের সাদৃশ্য নির্ণয় কর ।

ঘ) উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনা একাংশকে ধারণ করে বিশ্লেষণ কর ।

## খ-বিভাগ

৫। সাংঘাতিক কান্ড ! চট্রগ্রাম শহরের অল্পবয়সী কিছু ছেলে এক মাস্টারদার বুদ্ধিমত ইংরেজ পুলিশের সঙ্গে লড়ে তাদের গোলাবারুদের ভান্ডারটিকে দখল করে নিয়েছে। চট্রগ্রাম ইংরেজ-শাসন থেকে মুক্ত. এমন এক ঘোষনা করেছে সেই ছেলের দল । ওরা পুড়িয়ে দিয়েছে ইংরেজ পুলিশ ঘাঁটিতে উড়তে থাকা ব্রিটিশ পতাকা ইউনিয়ন জ্যাক । সেখানে উড়ছে স্বাধীন ভারতের পতাকা । এক সায়েব, 'ভারতীয় কুত্তা' এইসব গালাগালি দিতে দিতে লড়তে এসেছিল, তাকে উচিত শিক্ষা দিয়েছে ছেলের দল । এর পরে, ছেলেদের লক্ষ্য করে পুলিশ আড়াল থেকে ঝাঁকে ঝাঁকে গুলি চালিয়েছে । জবাবে পাল্টা গুলি ছুঁড়েছে ছেলেরা । পুলিশ পালিয়েছে । শহরের সায়েব-মেমরা ভয়ে ভোঁ দৌড় ! তারা আশ্রয় নিয়েছে সমুদ্রে ভেসে থাকা এক জাহাজে ।

ক) বাঙালির বীজ মন্ত্রটি কী ?

খ) ''আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে'' - ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপকটিতে 'আমার পরিচয়' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে ? ব্যাখ্যা কর ।

ঘ) "উদ্দিপকের বিষয়টি 'আমার পরিচয়' কবিতার একটি বিষয়কে নির্দেশ করেন মাত্র, পুরো বিষয়কে নয় ।" মন্তব্যটি বিশ্লেষণ কর।

৬। পাকিস্তান রাষ্টের জন্মলগ্ন থেকেই শাসকগোষ্ঠি শুরু করে নানা বৈষম্য নীতি । তারা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষাকে বাদ দিয়ে উর্দুকে রাষ্ট ভাষা করার ষড়যন্ত্র করে । কিন্তু এদেশের ছাত্র-শিক্ষকসহ আপামরজনতা এর বিরুদ্ধে তীব্র বিক্ষোভে ফেটে পড়ে, বিসর্জন দেয় বুকের তাজা রক্ত ।

ক) কার সিঁথির সিঁদুর মুছে গেল ?

খ) জলপাই রঙের ট্যাঙ্ককে কবি দানব বলেছেন কেন ?

গ) উদ্দীপকের যে ভাবটি 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' পাওয়া যায় তা ব্যাখ্যা কর ।

ঘ) 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতায় বর্ণিত দিকগুলোর একটিমাত্র দিক উদ্দীপকে ফুটে উঠেছে । মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর।

৭। কন্যা দায়গ্রস্ত পিতা লোকমান মিয়া। জমিদারের স্টেটে কাজ করে। লাখ লাখ টাকার হিসেব মেলায়। মাস শেষে সাত হাজার টাকা নিয়ে বাড়ি ফেরে। অভাবের সংসার আইবুড়ো মেয়ে। লাখ লাখ টাকা ড্রয়ার ভর্তি নোট। কিন্তু লোভ লোকমান মিয়াকে গ্রাস করতে পারেনি। অন্ততঃ গত একুশ বছর।

ক) রানারের পিঠে কীসের বোঝা ?

খ) রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে-উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে ?

গ) "রানার" কবিতার রানারের সাথে লোকমান মিয়ার সাদৃশ্য পূর্ণ দিকটি ব্যাখ্যা কর।

ঘ) লোকমান মিয়া কি রানারের প্রতিনিধি স্থানীয় ? তোমার মতামতের যৌক্তিকতা তুলে ধর।

## গ-বিভাগ

৮। মুর্দা ফকির ঝড়ও বোঝে না, আগুনও বোঝে না। এক রকম কবরের বাসিন্দা। গোরস্থানের বাইরে কখনও যায় না বলেই ওই নাম। বদ্ধ পাগল। তেতাল্লিশের দুর্ভিক্ষে চোখের সামনে ছেলে মেয়ে, মা, বৌকে একসাথে মরতে দেখেছে। কিন্তু কাউকে কবরে যেতে দেখেনি। মুর্দাগুলো পচেছে। তখন থেকে মুর্দা ফকির পাগল।

ক) বুধা মগজের ভেতর কী শুনতে পায় ?

খ) "যুদ্ধের জন্য আমাদের কত কী সইতে হয় ?" কেন বলা হয়েছে ?

গ) মুর্দা ফকির ও বুধা কোন দিক থেকে তুলনীয়- ব্যাখ্যা কর।

ঘ) মুর্দা ফকির ও বুধার জীবন কাহিনী একসূত্রে গাঁথা হলেও, মুর্দা ফকির চরিত্রটি বুধা হয়ে ওঠেনি- উক্তিটি মূল্যায়ন কর।

৯। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করতে নেপথ্য ভূমিকা রেখেছিল। তারেক মাসুদ "মুক্তির গান" প্রামাণ্য চিত্রে দেখিয়েছেন। শিল্পীরা বিভিন্ন মুক্তিযুদ্ধের ক্যাম্পে গিয়ে মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করেছেন। যুদ্ধ কেবল মুক্তিযোদ্ধারাই করেননি। এ যুদ্ধে শিল্পি, কলা-কুশলী ও শব্দ সৈনিকের ভূমিকাও ছিল।

ক) বুধা কার বাড়িতে প্রথম আগুন দিয়েছিল ?

খ) এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকম মানুষ-উক্তিটি ব্যাখ্যা কর।

গ) সমাজের সর্বস্তরের মানুষের অংশ গ্রহণে সংঘটিত হয়েছিল মুক্তিযুদ্ধ, এসেছিল স্বাধীনতা-উদ্দীপক ও "কাকতাড়ুয়া" উপন্যাস অবলম্বনে আলোচনা কর।

ঘ) উদ্দীপকটি কাকতাড়ুয়া উপন্যাসের মূলধারার একটি অংশমাত্র-মন্তব্যটির যথার্থতা নিরুপণ কর।

## ঘ-বিভাগ

১০। প্রভাবশালী ছমির উদ্দিন নিজের দ্বিতীয় স্ত্রী হিসেবে "ফজলু মিয়ার" মেয়ে "ফুলজান" কে বিয়ে করতে চায়। ছমির উদ্দিন ফজলু মিয়াকে নগদ টাকা ও জমির লোভ দেখায়। লোভী "ফজলু মিয়া" এতে রাজি হয়। ফুলজান এ বিয়ে করতে অস্বীকৃতি জানায় এবং বাড়ি থেকে পালায় গিয়ে পোশাক কারখানায় চাকরি নেয়।

ক) ডেমরাঘাট ও তাহেরা সম্পর্ক কি ?

খ) একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা গড়তে পারব-এ কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে ?

গ) ফজলু মিয়ার সাথে "বহিপীর" নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি ? তাদের তুলনামূলক বিচার কর।

ঘ) ফুলজান ও তাহেরা চরিত্রের মধ্যে কীসের পরিচয় পাওয়া যায় ? তারা কি ঠিক করেছে? এ ব্যাপারে তোমার মতামত দাও।

১১। স্তবক-১; মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য একটু সহানুভূতি কি মানুষ পেতে পারেনা

স্তবক-২; বল কি তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী
পার হয় তোমাকে ধরে-
দুর্বল মানুষ যদি-

ক) হাতেম আলীর জমিদারি কোথায় ছিল ?

খ) পীর সাহেব কে বহিপীর বলার কারণ কী ?

গ) জমিদারী হারাতে বসা হাতেম আলির কাছে বহিপীরের প্রস্তাব স্তবক-১ এর "সহানুভূতি" শব্দটির রূপক হতে পারে কি ? ব্যাখ্যা কর।

ঘ) তাহেরার প্রতি হাশেমের মনোভাব স্তবক -২ এর আলোকে মূল্যায়ন কর।